

ব্যাংকিং প্রিবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
চাকা ।

বিআরপিডি সার্কুলার নং- ১৭

ডিসেম্বর ১৭, ২০১৮

তারিখ :-----

পৌষ ০৩, ১৪২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

কৃষি খণ্ড পুনঃতফসিলিকরণ নীতিমালা প্রসংগে ।

শিরোনামোভ বিষয়ে ফেব্রুয়ারী ২৩, ২০১৫ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে কৃষি খণ্ড পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে কতিপয় বিশেষ সুবিধা প্রদান করা হয়ে যাই ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত বলবৎ ছিল।

প্রসংগত, প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ হিসেবে বিভিন্ন সময়ে বন্যা, খরা, জলচ্ছাস, অতিবৃষ্টিসহ নানা কারণে বাংলাদেশের কৃষকেরা ফসল উৎপাদন ও আহরণে সীমান্তীন দুর্ভাগের শিকার হয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। ফলে সুত্রোভ সার্কুলারের আওতায় ইতোপূর্বে যে সকল কৃষক খণ্ড পুনঃতফসিলিকরণ সুবিধা গ্রহণ করেছেন তাঁরা বর্ধিত সময়েও ঝণের অর্থ পরিশোধ করতে সক্ষম হচ্ছেন না মর্মে সম্প্রতি অবহিত হওয়া গেছে। ফলশ্রুতিতে পুনঃতফসিলিকৃত কৃষি ঝণের একটি বড় অংশ পুনরায় বিরূপভাবে শ্রেণীকৃত হয়ে পড়ার আশংকা দেখা দিয়েছে এবং গ্রামীণ কর্মসংহান বাধাগ্রস্ত হয়ে সার্বিকভাবে অর্থনীতিতে এর বিরূপ প্রভাব পড়ার সম্ভাবনা রয়েছে। এতদ্ব্যৱস্থাপনার জন্মে আশংকার অবস্থার অন্তর্ভুক্ত কৃষি খাতের গুরুত্ব বিবেচনায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি খণ্ড পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- ১। স্বল্প মেয়াদী কৃষি খণ্ড পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ডাউন পেমেন্ট গ্রহণের শর্ত শিখিল করা যাবে। ক্ষেত্রে বিশেষে বিনা ডাউন পেমেন্টেও এ ধরণের খণ্ড পুনঃতফসিল করা যাবে;
- ২। খণ্ড পুনঃতফসিলের পর কৃষকদেরকে পুনরায় নতুন করে স্বল্প মেয়াদী কৃষি খণ্ড প্রদান করা যাবে। এক্ষেত্রে কোন নতুন জমা ব্যতিরেকেই পুনঃতফসিল পরবর্তী নতুন খণ্ড সুবিধা প্রদান করা যাবে;
- ৩। সার্টিফিকেট মামলা চলাকালীন সময়ে গ্রাহকের সাথে সমরোচ্চা (সোলেনামা) এর মাধ্যমে সার্টিফিকেট মামলা উত্তোলন/নিষ্পত্তিপূর্বক খণ্ড পুনঃতফসিল করা যাবে; এবং
- ৪। বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৫ এর আওতায় ইতোপূর্বে পুনঃতফসিলিকৃত স্বল্প মেয়াদী কৃষি ঝণের ক্ষেত্রেও উল্লিখিত সুবিধাদি প্রযোজ্য হবে।

বর্ণিত নির্দেশনা ব্যতীত খণ্ড পুনঃতফসিলিকরণ সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-১৫/২০১২ ও ০৬/২০১৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে এবং উল্লিখিত সুবিধাদি ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বলবৎ থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস্ত,

(আবু ফরাহ মোঃ নাহের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২